গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ৫৭৫-

তারিখ : ২২-১০-২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : **দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ অর্থবছরে অধ্যায়নকারী রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে তথ্য এন্ট্রি ও ভুল সংশোধন সংক্রান্ত।**

সূত্র : মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১৯, তারিখ : ২২/০৫/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে ইতোপূর্বে বিভিন্ন সময়ে বিজ্ঞপ্তি প্রচার, ইমেইল প্রেরণ ও পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি MIS এ এন্ট্রি দেয়ার অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি প্রদান না করায় এবং কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, জেলা, পরীক্ষার সালসহ বিভিন্ন ধরনের ভুল থাকায় ২০১৯-২০২০ অর্থ বছরে সকল শিক্ষার্থীর বৃত্তির অর্থ ৩০ জুন, ২০২০-এর মধ্যে প্রেরণ করা সম্ভব হয়নি। এ প্রেক্ষিতে বর্ণিত অর্থবছরের অবশিষ্ট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বকেয়া অর্থ দ্রুত প্রেরণের উদ্যোগ নেয়া হয়েছে।

এমতাবস্থায়, বৈশ্বিক মহামারি তথা দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় রাজস্ব খাতভুক্ত পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি **এবং** স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত শিক্ষার্থীদের ২০১৯-২০২০ অর্থ বছরের বকেয়া অর্থ পরিশোধের জন্য তথ্য এন্ট্রি (যারা পূর্বে পূরণ করেনি) ও তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য আগামী ২৫/১০/২০২০ খ্রি, পর্যন্ত সময় বর্ধিত করা হলো।

MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। পাঠবিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
০৩। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি না করা (উল্লেখ্য, উক্ত বোর্ডদ্বয় হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বোর্ড হতে বৃত্তির অর্থ প্রাপ্য হবে);
০৪। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে একক অথবা পিতা/মাতা/আইনসংগত অভিভাবকের সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
০৫। MIS-এ তথ্যাদি এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীর ব্যাংক হিসাবের অনুরূপ একক/ যৌথ নাম উল্লেখ করতে হবে;
০৬। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। ব্যাংক ও শাখার নাম হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;

উল্লিখিত পদ্ধতি ব্যতীত কোনক্রমেই বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা যাবে না।

**তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :**

# HSP & Scholarship MIS এর URL (লিংক) : **http://103.48.16.248:8080/HSP-MIS/login**

# প্রশিক্ষণ ও অন্যান্য তথ্যের জন্য : **https://www.facebook.com/groups/spbmu**

২১.১০.২০২০
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ৫৭৫/২১-

তারিখ : ২২-১০-২০২০ খ্রিস্টাব্দ

সদয়অবগতি ও কার্যার্থেপ্রেরণকরাহল : (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ( সরকারি/বেসরকারি .....সকল )
১২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)
১৩. নির্বাহী পরিচালক, SPFMSP প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, সেগুন বাগিচা, ঢাকা
১৪. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [**"দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ অর্থ বছরে অধ্যায়নকারী রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে তথ্য এন্ট্রি ও ভুল সংশোধন সংক্রান্ত।"**-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৯. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, সকল জেলা
২০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২১. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

২১.১০.২০২০
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২